



প্রাণঘাতী এবং ছোঁয়াচে করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনতা সৃষ্টির পরামর্শ প্রচারণা:

করোনাকে ভয় নয়, সচেতনতাই জয়।

বিশেষজ্ঞগণের মতে প্রাথমিক সাধারণ লবণসমূহ:

- জ্বর ও মাথাব্যথা হওয়া, শুকনো হাঁচি ও কাশি, গলাব্যথা, শ্বাসকষ্ট, বুকে কফ জমা, বুকে ব্যথা, পেটের পীড়া (কখনো কখনো বমি, পাতলা পায়খানা, পেট ফাঁপা ইত্যাদি দেখা দেওয়া), অবসাদগ্রস্থতা, নিউমোনিয়া ও ব্রঙ্কাইটিস হওয়া ইত্যাদি।

বিশেষজ্ঞগণের মতে যেভাবে ছড়াতে পারে:

- হাঁচি ও কাশির মাধ্যমে
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শের মাধ্যমে
- বন্য পশুপাখির মাধ্যমে

বিশেষজ্ঞগণের মতে প্রতিরোধে করণীয়:

- সরকারি নির্দেশনার অংশ হিসেবে ঘরে থাকুন এবং জরুরি প্রয়োজনে বের হলে নিজের সুরবা নিয়ে বের হোন
- ঘনঘন প্রয়োজনমত সাবান ও পানি দিয়ে কজি পর্যন্ত ন্যূনতম ২০ সেকেন্ড ঘষে হাত ধুয়ে ফেলুন
- হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে হাত জীবাণুমুক্ত রাখুন
- সর্দি কাশির সময় টিস্যু পেপার, কাপড়, রবমাল ইত্যাদি দিয়ে নাক মুখ ঢেকে ফেলুন। টিস্যু পেপার, কাপড়, রবমাল না থাকলে অন্তত কুন্টুই ভাজ করে নাক মুখ ঢেকে ফেলুন
- ব্যবহারের পর টিস্যু পেপার কোন আবদ্ধ জায়গায় ফেলুন এবং কাপড় বা রবমাল সাথে সাথে ভালভাবে ধুয়ে ফেলুন
- জনসমাগম এলাকা এড়িয়ে চলুন, গণপরিবহনে ভ্রমণ পারতপরে পরিহার করুন এবং প্রয়োজনে হ্যান্ড গেরাভ ও মুখে মাস্ক ব্যবহার করুন
- সর্দি, কাশি ও জ্বরে আক্রান্ত ব্যক্তির কাছে যাওয়া থেকে বিরত থাকুন এবং হাঁচি, কাশি শিষ্টাচার মেনে চলুন
- কিছুটা পর পর পারলে হালকা গরম পানি পান করুন
- সম্প্রতি বিদেশ ভ্রমণ করেছেন এমন কাউকে হোম কোয়ারেন্টাইনে থাকা নিশ্চিত করুন এবং পরীক্ষা
- নিশ্চিত না হওয়া পর্যন্ত তার সংস্পর্শ এড়িয়ে চলুন
- পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখুন, যেখানে সেখানে থুথু ফেলবেন না
- করমর্দন, কোলাকোলি থেকে বিরত থাকুন
- সর্দি, কাশি, জ্বর কিংবা নিউমোনিয়া সন্দেহ হলে অবিলম্বে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করুন
- হাত না ধুয়ে অনবরত চোখ, নাক ও মুখ স্পর্শ করা থেকে বিরত থাকুন
- মাংস, ডিম পর্যাপ্ত তাপমাত্রায় সিদ্ধ করে খান
- এসময়ে গৃহপালিত পশু ও বন্যপাখির সংস্পর্শ পরিহার করুন

জাককানই বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রম ও ব্যবস্থাসমূহ:

- করোনা পরিস্থিতিকে একটি দুর্ঘোষ বিবেচনায় সকলের নিরাপদে থাকার জন্য রাষ্ট্রীয় সিদ্ধান্তের সাথে সমন্বয় করে বিশ্ববিদ্যালয় প্রথম দফায় ১৮/০৩/২০২০ থেকে ৩১/০৩/২০২০ পর্যন্ত এবং পরে তা বর্ধিত করে ০১/০৪/২০২০ থেকে ০৯/০৪/২০২০ তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়
- বন্ধকালীন সময়ে জরুরি সার্ভিসের আওতায় নিয়োজিতদের জন্য হাত ধোয়া, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যকর রাখা হয়েছে
- এসময়ে পরিস্থিতির শিকার হয়ে কর্ম হারানো স্থানীয় অসচ্ছলদের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল শির্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের একদিনের বেতনের অর্থ দানের প্রক্রিয়া চলমান
- সরকার যেহেতু বাংলা নববর্ষ পালন বাতিল করেছে, সেজন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত অনুষ্ঠান আয়োজনের সমুদয় বাজেট বরাদ্দের অর্থও উপযুক্ত অসচ্ছলদের জন্য দানের বিষয়টি প্রক্রিয়াধীন
- এসময়ে মাস্টার রোলে কর্মরত কর্মচারীদের সমুদয় মাসের বেতন পরিশোধ করা হয়েছে